

মতলবে বোর্ডের পরিপত্র জাল করে অতিরিক্ত ফি আদায়

মতলব (চাঁদপুর) সংবাদদাতা

চাঁদপুরের মতলবে উত্তর উপজেলার খেংগারচর মডেল উচ্চ বিদ্যালয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের পরিপত্র জাল করে প্রাইমারি এবং নবম শ্রেণির বকেয়া রেজিস্ট্রেশন ফি আদায়ের অতিরিক্ত টাকা আদায় করার অভিযোগ উঠেছে। অভিভাবকতা ও ঘটনায় কৃষ্ণকান্তের সকালে প্রধান শিক্ষক এবং অফিস সহকারীর বিপক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারের কাছে অভিযোগপত্র পেশ করেছেন।

কুমিল্লা শিক্ষা বোর্ড ২০১১ সালের ডিসেম্বর ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের নবম শ্রেণির বকেয়া রেজিস্ট্রেশন ফি তুলনা এবং প্রাইমারি পরীক্ষার রেজিস্ট্রেশন ফি কার্ড গ্রহণ হনশে, পরিপত্র জারি করে। আগে অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা এবং নবম শ্রেণির ফি ১০০ টাকা ধার্য করে বিদ্যালয়গুলোতে চিঠি ইস্যু করা হয়। চিঠিতে তুলনামূলক অষ্টম শ্রেণিতে ৫০ টাকার জায়গায় ৪০ টাকা এবং নবম শ্রেণির রেজিস্ট্রেশন ফি ১০০ টাকার স্থলে ৫০ টাকা উল্লেখ করা হয়। সে মোতাবেক বিদ্যালয়গুলো বোর্ডে ফি জমা দেয়। পরে বোর্ড পরিপত্র জারি করে বকেয়া অষ্টম শ্রেণির জন্য ১০ টাকা এবং নবম শ্রেণির ৫০ টাকা পরিপত্রের জন্য নির্দেশ দেয়। খেংগারচর মডেল উচ্চ বিদ্যালয়ের অফিস সহকারী হুমায়ন কবির পরিপত্রটি ইন্টারনেটে ডাউনলোড করে ১০ টাকার জায়গায় ৫০ টাকা এবং ৫০ টাকার জায়গায় ১০০ টাকা লিখে প্রিন্টকপি তৈরি করেন। ওই কপি দেখিয়ে অষ্টম শ্রেণির ৩০০ জন এবং নবম শ্রেণির ২৩৮ জন শিক্ষার্থীর কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তা বোরহান উদ্দিন জানান, তিনি বিষয়টি জানতেন না। অফিস সহকারী হুমায়ন কবির অনলাইনে দেয়া পরিপত্রটি ডাউনলোড করেছেন। তিনি বিষয়টি বুঝতে পারেননি। এজন্য অফিস সহকারীই দায়ী। তবে আদায়কৃত অতিরিক্ত অর্থ ফেরত দেয়া হবে। মতলব উত্তর উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু আলী সাজ্জান জানান, আনুমানিক শিক্ষা অফিসারকে তদন্তের ন্যস্ততা দেয়া হয়েছে। তদন্তে পরিপত্র জাল করার প্রমাণ পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।